



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৫৭

তারিখ : ১৯-১২-২০২৩ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার কালিয়া উপজেলাধীন “মধুমতি আদর্শ বিদ্যালয়” এর চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব এম মোশতাক আলী গত ২৩-১০-২০২৩ খ্রি. তারিখে যৌন বিকারগ্রস্থ, নৈতিক ও আদর্শ বিবর্জিত এবং ক্ষমতার অপব্যবহারকারী ব্যক্তি হিসেবে তদন্ত কমিটির সুচিন্তিত মতামতের প্রেক্ষিতে গত ২৮-০৪-২০২৩ খ্রি. তারিখে ০২/২৩ নং সভার সিদ্ধান্ত অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হয় এবং ১২-১০-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটির ০৬/২৩ নং সভার সিদ্ধান্ত অনুযায়ী তদন্ত কমিটির প্রস্তুতকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সভায় আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। গত ০৫-১২-২০২৩ খ্রি. তারিখে আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৮৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাদী সভাপতি জনাব এম মোশতাক আলী-এর চূড়ান্ত বরখাস্তের আবেদনটি নামঞ্জুর করা হয় এবং বাদীর অভিযোগের বিষয়ে বিবাদী জনাব মোঃ তুষার আহমেদ-কে কারণ দর্শিয়ে পত্র প্রদান করার সর্বম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, আপনি যৌন বিকারগ্রস্থ, নৈতিক ও আদর্শ বিবর্জিত এবং ক্ষমতার অপব্যবহারকারী ব্যক্তি নন সেবিষয়ে নিম্নোক্তস্বাক্ষরকারীর নিকট ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জবাব দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব মোঃ তুষার আহমেদ  
প্রধান শিক্ষক  
মধুমতি আদর্শ বিদ্যালয়  
পহরডাঙ্গা, কালিয়া, নড়াইল


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে  
স্বাক্ষরিত  
(মোঃ সিরাজুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৪৫৭(১-৫)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।
- ৫। সংরক্ষণ নথি।


তারিখ : ১৯-১২-২০২৩ খ্রি.

  
২২/১২/২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

  
২২/১২/২৩